# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**02 JUNE 2026** **7:45—7:55 PM**

---

১) আসামের মূগা শিল্পকে বৈশ্বিক ব্র্যান্ড হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার উপস্থিতিতে নতুনদিল্লীতে সেনেহজরী অভিযানের সূচনা ।
২) আসামের কৃষি পরিকাঠামো শক্তিশালী করার বিষয় নিয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মার কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহানের সঙ্গে আলোচনা ।
৩) কংগ্রেস বিধান পরিষদীয় দলের নেতা ওয়াজেদ আলী চৌধুরীকে আসাম বিধানসভার বিরোধী দলপতির মর্যাদা প্রদান ।

৪) পশ্চিম কার্বি আংলং জেলার আসাম - মেঘালয় সীমান্তের তাপার অস্থায়ী পুলিশ ছাউনিতে উভয় রাজ্যের সরকারী পক্ষের বৈঠক ।

এবং

৫) সি বি এস ই'র অধীনের দশম এবং দ্বাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের উত্তরপত্রের স্ক্যান কপি পুনর মূলায়নের জন্য আজ লাইভ পোর্টেল চালু ।

-----------------------------------------------------------------------------------

আসামের ঐতিহ্যবাহী মুগা শিল্পের প্রসার এবং এই শিল্পের উন্নয়নের জন্য আজ সেনেহজরী শীর্ষক মুগা অভিযানের শুভারম্ভ করা হয়েছে । নতুনদিল্লীতে ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া ,মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এবং কেন্দ্রীয় বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটার উপস্থিতিতে এই অনুষ্ঠানের সূচনা করা হয় । আসামের মুগা শিল্পকে বৈশ্বিক ব্র্যান্ড হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে এই অভিযান আরম্ভ করা হয়েছে । অনুষ্ঠানে মন্ত্রী শ্রী সিন্ধিয়া বলেন যে এগারোটি উপাদান সন্নিবিষ্ট এই অভিযানের মাধ্যমে মুগা পালক , হস্তশিল্পী ,বস্ত্রশিল্পী এবং স্থানীয় ব্যবসায়ীদের ন্যায্য প্রাপ্য দেওয়া সহ আর্ন্তজাতিক বাজারে মুগা শিল্পকে সম্মান সহকারে নিয়ে যাওয়া হবে ।

বাইট

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের সঙ্গে সাক্ষাৎ করে আসামের কৃষি পরিকাঠামো শক্তিশালী করার বিষয় নিয়ে আলোচনা করেন । এই আলোচনায় কৃষি পরিকাঠামো পুঁজির অধিক ব্যবহার , কোল্ড ষ্টোরেজ , উন্নত বাজার সংযোগ , যান্ত্রিক কৃষি পদ্ধতি এবং শক্তিশালী সরবরাহ শৃঙ্খলা গড়ে তোলার বিষয়ে আলোকপাত করা হয় ।আসামের কৃষকরা যাতে এই উন্নত সুবিধা লাভ করতে পারে সেই বিষয়ে মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় কৃষিমন্ত্রীর সহযোগিতা কামনা করেন ।

#বাইট সি এম#

এই আলোচনায় রাজ্যের কৃষক কল্যাণমূলক প্রকল্পগুলোর তৃণমূল পর্যায়ে ফলপ্রসু রূপায়ণ এবং লাখপতি দিদি প্রকল্পের অগ্রগতির বিষয়েও পর্যালোচনা করা হয় ।

মুখ্যমন্ত্রী আজ নীতি আয়োগের নব নিযুক্ত উপাধ্যক্ষ অশোক কুমার লাহিরীর সঙ্গে তাঁর নতুন দিল্লীর বাসভবনে সাক্ষাৎ করে নতুন দায়িত্বের জন্য তাঁকে শুভেচ্ছা জানান ।মুখ্যমন্ত্রী আজ ভারতী এন্টারপ্রাইজ কোম্পানীর উপাধ্যক্ষ এবং পরিচালন সঞ্চালক রাজেন ভারতী মিত্তালের সঙ্গে সাক্ষাৎ করে আসামে তাঁদের সংস্থার অধীনে অব্যাহত থাকা প্রকল্পগুলি এবং  তাদের পরিকল্পনা সম্পর্কে আলোচনা করেন ।ডঃ শর্মা এল এন টি কোম্পানীর অধ্যক্ষ এবং পরিচালন সঞ্চালক এস এন সুব্রমনিয়ামের সঙ্গেও সাক্ষাৎ করেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের সরবরাহ করা সুলভ মূল্যের সামগ্রীর সরবরাহ বন্ধ হয়ে যাবে বলে সম্প্রতি প্রচারিত খবর সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা প্রতিক্রিয়া ব্যাক্ত করেছেন । সরকারের সরবরাহ করা বিনামূল্যের চাল সহ সুলভ মূল্যের মুসুর ডাল , চিনি এবং লবণ সরবরাহ প্রকল্পটি অব্যাহত থাকবে বলে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন । সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী জানান যে বর্তমানে অব্যাহত থাকা অন্তবর্তী বাজেটের পরিপ্রেক্ষিতে সুলভ মূল্যের মুসুর ডাল , চিনি এবং লবণ সরবরাহ প্রকল্পটি চলতি মাস থেকে স্থগিত রাখা হয়েছে ।সরকার পূর্ণাঙ্গ বাজেট দাখিল করার পর আগামী আগষ্ট মাস থেকে পুনরায় প্রকল্পটি চালু করা হবে । মে মাসের অন্ন সেবা দিনের বিতরণ সম্পূর্ণ হওয়ার পর কিছু সংখ্যক সুলভ মূল্যের দোকানে বেঁচে যাওয়া সামগ্রী অন্ত্যোদয় পরিবারকে অগ্রাধিকার ভিত্তিতে বিতরণ করা হবে বলে খাদ্য ও গ্রাহক পরিক্রমা

বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে ।তবে এই সময়ে বিনামূল্যের চাল বিতরণ প্রতিমাসে অব্যাহত থাকবে বলে বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে ।

----------------------------------------------------------------------------------------

কংগ্রেস বিধান পরিষদীয় দলের নেতা ওয়াজেদ আলী চৌধুরীকে আনুষ্ঠানিকভাবে আসাম বিধানসভার বিরোধী দলপতির মর্যাদা প্রদান করা হয়েছে । আসাম বিধানসভার অধ্যক্ষ রণজিৎ কুমার দাস এক পত্র মারফৎ শ্রী চৌধুরীকে এই মর্যাদা প্রদান করেন । বিরোধী দলপতি হিসেবে ওয়াজেদ আলী চৌধুরী কার্যালয়ের দায়িত্বভার গ্রহণ করবেন বলে সংবাদ মাধ্যমে জানিয়েছেন ।

----------------------------------------------------------------------------------------

আগামী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যে প্রায় এক কোটি গাছপালা রোপণের লক্ষ্য নির্ধারন করা হয়েছে । আত্ম সহায়ক গোষ্ঠীসমূহের ৩৫ লক্ষেরও অধিক মহিলাকে এই গাছপালা রোপণ অভিযানের সঙ্গে জড়িত করা হবে । রাজ্য সরকার বৃহৎ পরিসরের বনানীকরণ ,বনাঞ্চল পুনর উদ্ধারের পদক্ষেপ ,স্বচ্ছ শক্তির প্রসার , আধুনিক প্রযুক্তির একত্রীকরণের মাধ্যমে পরিবেশ সুরক্ষা ও বহনক্ষম উন্নয়নকে ধারাবাহিকভাবে অগ্রাধিকার দেবার লক্ষ্যে এই পদক্ষেপ গ্রহণ করেছে । এর প্রস্তুতির জন্য গতকাল গৌহাটীতে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের প্রবীণ আধিকারিকদের সঙ্গে সংসদীয় পরিক্রমা মন্ত্রী অতুল বরা এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করেন । এই কার্যসূচীতে জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা সহ সঠিক নিরীক্ষণ ব্যবস্থার মাধ্যমে অভিযান সফল করে তুলতে বিভাগীয় আধিকারিকদের মন্ত্রী বরা নির্দেশ দেন ।

----------------------------------------------------------------------------------------

সমগ্র শিক্ষা অসম তৃতীয় থেকে অষ্টম শ্রেনীর ছাত্র-ছাত্রীদের জন্য নিয়মিত মান নিরূপন পরীক্ষার প্রথম পর্য্যায় আগামী ৯ই জুন থেকে অনুষ্ঠিত হবে বলে ঘোষনা করেছে । শিক্ষাবর্ষের শুরুতে ছাত্র-ছাত্রীদের শিক্ষার মূল্যায়নের লক্ষ্যে অনুষ্ঠেয় এই পদক্ষেপের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের শিক্ষার ক্ষেত্রে অসুবিধা এবং এ ক্ষেত্রে গ্রহন করা ব্যবস্থাসমূহ নির্ধারন করা হবে । সমগ্র শিক্ষা অসমের মিশন সঞ্চালকের জারী করা বিজ্ঞপ্তী অনুসারে তৃতীয় থেকে পঞ্চম শ্রেনী পর্য্যন্ত ৯ই জুন থেকে ১২ই জুন এবং ষষ্ঠ শ্রেনী থেকে অষ্টম শ্রেনী পর্য্যন্ত ১৬ই জুন এই মান নিরূপন পরীক্ষা অনুষ্ঠিত হবে ।

----------------------------------------------------------------------------------------

পশ্চিম কার্বি আংলং জেলার আসাম-মেঘালয় সীমান্তের তাপার অস্থায়ী পুলিশ ছাউনীতে আজ উভয় রাজ্যের সরকারী পক্ষের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়েছে । দীর্ঘদিন থেকে চলা

সীমা সমস্যার মধ্যে এই বৈঠকের আয়োজন করা হয় । কার্বি আংলং স্ব-শাসিত পরিষদের মূখ্য কার্যবাহী সদস্য তুলিরাম রংহাং এবং মেঘালয়ের উপ-মূখ্যমন্ত্রী শ্লয়ুভালাং ধারের নেতৃত্বে এই বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকের পর তুলিরাম রংহাং সাংবাদিকদের জানান যে উভয় পক্ষের মধ্যে সমঝোতার মাধ্যমে সীমান্ত অঞ্চলে কৃষি কাজ সম্পর্কীত বিষয়সমূহ নিষ্পত্তি করার জন্য আলোচনা করা হয়েছে ।
মেঘালয়ের উপ-মূখ্যমন্ত্রীও এই আলোচনাকে নিয়ে সন্তোষ ব্যাক্ত করেন । তিনি বলেন যে এই আলোচনায় সীমা সমস্যা সম্পর্কে কোনো বিষয় উত্থাপন হয়নি । বরং সীমান্ত অঞ্চলে কৃষি কাজ করা নিয়ে আলোচনা করা হয়েছে বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ (সি বি এস ই)’র অধীনের দশম এবং দ্বাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের উত্তরপত্রের স্কেনড কপি পুনর মূল্যায়ণের জন্য আজ লাইভ পোর্টেল চালু করা হয়েছে ।আগামী ৬ জুন পর্যন্ত এই পোর্টেল খোলা থাকবে বলে সি বি এস ই’র পক্ষ থেকে জানানো হয়েছে ।উত্তর পত্রের স্কেনড কপি লাভ করা শিক্ষার্থীরা এই সুবিধা লাভ করবে বলে পর্ষদের এক বিবৃতিতে জানানো হয়েছে । সুরক্ষাজনিত কারণে আধার প্রত্যায়িতকরণ ব্যবস্থাও এই সুবিধার সঙ্গে সংযুক্ত করা হয়েছে ।আধার নম্বর না থাকা শিক্ষার্থীরা তাদের বাবা - মা , অভিভাবক বা অন্য কোন নিকটাত্মীয়ের আধার নম্বর ব্যবহার করতে পারবে । সি বি এস ই সূত্রে জানানো হয়েছে যে প্রত্যেকটি উত্তরপত্র মূল্যায়ণের জন্য ছাত্রছাত্রীদের ১০০ টাকা করে এবং প্রতিটি প্রশ্ন মূল্যায়ণের জন্য ২৫ টাকা করে প্রদান করতে হবে ।এই মাশুল অনলাইন পদ্ধতি অর্থাৎ ইউ পি আই , ক্রেডিট কার্ড , ডেবিট কার্ড অথবা নেট বেংকিং এর মাধ্যমে প্রদান করা যাবে । এরজন্য সি বি এস ই’র পক্ষ থেকে প্রকাশিত ভিডিও দেখে এই ব্যবস্থা সম্পর্কে সবিশেষ তথ্য লাভ করার আহ্বান জানানো হয়েছে ।
উল্লেখ্য পর্ষদের অধীনের দ্বাদশ শ্রেণীর পরীক্ষায় প্রাপ্ত নম্বরে অসন্তুষ্ট ছাত্রছাত্রীদের উত্তরপত্র পুনর পরীক্ষা করার সুযোগ প্রদান করার জন্য কর্তৃপক্ষ গত ২৬ শে মে অনলাইন পোর্টেল লাইভ হবে বলে ঘোষণা করেছিল তবে কারিগড়ি সমস্যার জন্য পয়লা জুন এই অনলাইন পোর্টেল চালু করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় এইচ আই ভি প্রতিরোধ, পরীক্ষা ও পরামর্শদান পরিষেবার পরিধি সম্প্রসারনের লক্ষ্যে আজ জেলা আয়ুক্ত আয়ুষ গার্গ অসম স্টেট এইডস কন্ট্রল সোসাইটির অধীন মোবাইল ইন্টিগ্রেটেড কাউন্সিলিং এন্ড টেস্টিং সেন্টার , আই সি টি সি , ভ্যানের আনুষ্ঠানিক যাত্রার সূচনা করেন । এই ভ্যানের মাধ্যমে এইচ আই ভি

পরীক্ষা , পরামর্শদান এবং আউটরিচ পরিষেবা প্রদান করা হবে । মোবাইল আই সি টি সি ভ্যানের কাজ শুরু হওয়ার ফলে এইচ আই ভি সর্ম্পকে সচেতনতা বৃদ্ধি , প্রাথমিক পর্য্যায়ে রোগ শনাক্তকরনে উৎসাহ প্রদান এবং সময়মতো পরামর্শ ও সহায়তামূলক পরিষেবা নিশ্চিত করা সম্ভব হবে । এরফলে জেলার এইচ আই ভি প্রতিরোধ ও নিয়ন্ত্রনে চলা প্রচেষ্ঠায় আরো গতি আসবে । আজকের অনুষ্ঠানে জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিংও উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে শ্রীভূমি শহর থেকে উলুকান্দি পর্যন্ত জাতীয় সড়কের বর্তমান অবস্থা  এবং উন্নয়ন সংক্রান্ত একটি পর্য্যালোচনা সভা  অনুষ্ঠিত হয়েছে । সভায় জানানো হয় যে শ্রীভূমি শহর থেকে উলুকান্দি পর্য্যন্ত জাতীয় সড়কের উন্নয়নে ৪৩ কোটী ৫০ লক্ষ টাকার অনুমোদন জানানো হয়েছে এবং এজন্য দরপত্র আহ্বান করা হয়েছে । এরমধ্যে জনসাধারনকে সাময়িক স্বস্তি প্রদান করতে সড়কের গর্ত মেরামত ও নিয়মিত রক্ষনা-বেক্ষনের ব্যবস্থা গ্রহনের জন্য ঠিকাদারদের সঙ্গে আলোচনা করা হয়েছে । শহরের যানযট নিরসনে অবৈধ মোটর স্ট্যান্ডগুলিকে চিহ্নিত করে শহরের বাইরে নির্ধারিত স্থানে সরিয়ে নিতে নির্দেশ দেওয়া হয়েছে । আজকের সভায় তিন বিধায়ক কৃষ্ণেন্দু পাল , জাকারিয়া আহমেদ ও আমিনুর রশিদ চৌধুরী উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার ক্যান্সার রোগীদের কেমোথেরাপি প্রদান করার লক্ষ্যে আজ এস কে রায় সিভিল হাসপাতালে ডে কেয়ার ক্যান্সার সেন্টার পরিষেবার যাত্রা শুরু হয়েছে । হাইলাকান্দির বিধায়ক ডক্টর মিলন দাস আজ এই কেন্দ্রটির আনুষ্টানিক উদ্বোধন করেন । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে টাটা ক্যান্সার হাসপাতাল, শিলচরের সহযোগীতায় এই কেমোথেরাপি পরিষেবা আরম্ভ করা হয়েছে ।

এ বিষয়ে বিধায়ক ডক্টর মিলন দাস জানান ----

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার আলগাপুর থানার অর্ন্তগত চন্ডীপুর চা বাগানে নিয়মিত রেশন সরবরাহ এবং বকেয়া মজুরী প্রদানের দাবীতে চা বাগান কর্মচারীরা আজ থেকে কর্ম বিরতি শুরু করেছেন । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে বাগানের নাচঘরে আয়োজিত প্রতিবাদী সভায় শ্রমিকরা অভিযোগ করেন যে দীর্ঘদিন থেকে

তাদের মজুরী বকেয়া রয়েছে এবং নিয়মিত রেশন সরবরাহও বন্ধ রয়েছে । শ্রমিকরা রেশন নেই-কাজও নেই , এই শ্লোগানে কর্ম বিরতি শুরু করেছেন বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------------------